



EN/04/অক্টো-নভেম্বর/2024

BELIEVERS EASTERN CHURCH WORLD HEADQUARTERS

Office of the Metropolitan, St.Thomas Community, Kuttapuzha,
P.O.Thiruvalla- 689103 Kerala, India.

পালকীয় পত্র

অক্টো-নভেম্বর/2024

আমাদের মন্ডলীর সকল আর্চবিশপ, বিশপ, যাজক এবং ডেকন
ফাদার

ইভাঞ্জেলিস্ট, সিস্টারস অর্ডার অফ ক্রুশ এবং বিশ্বব্যাপী বিলিভার্স
ইস্টার্ন চার্চের সকল বিশ্বস্ত ভাই ও বোনদেরকে পিতা, পুত্র এবং
পবিত্র আত্মার নামে আশীর্বাদ এবং শুভেচ্ছা জানাই। আমেন ✠

খ্রীষ্টতে আমার প্রিয়জনেরা,

প্রকৃতির যেমন ঋতু আছে, তেমনি মন্ডলীর ও রয়েছে। আমাদের আত্মিক
বছর, উপবাস, উৎসব দ্বারা চিহ্নিত এবং প্রার্থনা, উপবাস ও দরিদ্রদের প্রতি
দানের মতো শৃঙ্খলাগুলি আমাদের খ্রীষ্ট সদৃশ শক্তিশালী করার জন্য
পরিকল্পিত করা হয়েছে।

যেমন আমরা আদিপুস্তক ৮:২২ পদে পাঠ করি : "যাবৎ পৃথিবী থাকিবে,
তাবৎ শস্য বপনের ও শস্য ছেদনের সময়, এবং শীত ও উত্তাপ, এবং গ্রীষ্ম-
কাল ও হেমন্তকাল, এবং দিবা ও রাত্রি, এই সকলের নিবৃতি হইবে না।" এই
ঋতু ও অনুশীলন আমাদের কাছে বোঝা স্বরূপ নয় কিন্তু আশীর্বাদ,
আমাদের বিশ্বাস এবং সাক্ষ্যের মধ্যে আরও শক্তিশালীভাবে বৃদ্ধি পেতে এবং
নিগূঢ় হতে সাহায্য করে।

এই নভেম্বর মাস একটি নতুন লিটারজিক্যাল বছরের সূচনাকে চিহ্নিত করে, ইহা ঘোষণার পবিত্র ঋতু এবং আবির্ভাব পর্বের উপস্থাপক। বিগত বছরের উপর প্রতিফলন এবং নতুন আধ্যাত্মিক অঙ্গীকারগুলিকে স্থাপন করার জন্য এটি একটি আদর্শ সময়।

সম্ভবত আপনি বাইবেল পাঠে অবহেলা করেছেন, মন্ডলীতে অংশগ্রহণ করতে অক্ষম হয়েছেন বা আধ্যাত্মিক অলসতায় পতিত হয়েছেন। আসুন নিয়মিতভাবে ঐশ্বরিক লিটার্জিতে যোগদানের সংকল্প করি, পবিত্র প্রভুভোজে অংশ গ্রহণ করি, এবং পারিবারিক প্রার্থনাকে গুরুত্ব সহকারে দিই।

মন্ডলীর সেবাকার্যে আরও সক্রিয়ভাবে নিয়োজিত থাকার প্রতিশ্রুতি নেন, ঈশ্বরের দেওয়া উপহারগুলি ব্যবহার করে তাঁর মন্ডলীকে গড়ে তুলুন এবং ঈশ্বরের প্রেমকে অন্যদের কাছে প্রচার করুন।

অভিভাবকেরা, আমি আপনাদেরকে অনুরোধ করছি আপনার সন্তানদেরকে মন্ডলীর ক্যালেন্ডার অনুসরণ করতে শেখান। কারণ তাদের আধ্যাত্মিক গঠন বাড়িতে শুরু হয় -- এটা তাদের ভিত্তি; এবং এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে তারা প্রার্থনা, উপবাস, দরিদ্রদিগকে দান করতে এবং ছোটবেলা থেকেই বিশ্বাসে জীবন যাপন করতে শেখে। যুবকদের কাছে, আমি সাধু প্রেরিত পৌলের উক্তির প্রতিধ্বনি করি: "তোমার যৌবন কাহাকেও তুচ্ছ করিতে দিও না; কিন্তু বাক্যে, আচার ব্যবহারে, আমার প্রেমে, বিশ্বাসে, ও শুদ্ধতায় বিশ্বাসিগণের আদর্শ হও। (১তীমথিয় ৪:১২)।

যখন আমরা পবিত্র মণ্ডলীর এবং খ্রীষ্টের এই নববর্ষে প্রবেশ করি, তখন আসুন আমরা এটিকে সময়ের চিহ্নিত কারীরূপে না মনে করে, বরং নিজেদেরকে পুনঃউৎসর্গ করার সুযোগরূপে গ্রহণ করি। আমাদের সিদ্ধান্ত, জাগতিকতা থেকে ভিন্ন, ঈশ্বরের করুণা এবং শক্তির মধ্যে নিহিত, শুধুমাত্র মানুষের ইচ্ছাশক্তির মধ্যে নয়।

অতএব, আসুন আমরা একসাথে এই ঋতুর মধ্য দিয়ে যাত্রা করি, আনন্দের সাথে পর্ব উদযাপন করি এবং নম্রতা ও অনুতাপ সহকারে উপবাস পালন করি, এবং খ্রীষ্টেতে এক দেহ হিসাবে একসাথে বৃদ্ধিলাভ করি।

আমি সাধু পৌলের সহিত প্রার্থনায় যুক্ত হইয়া আপনাদের বলছি"-- পবিত্রগণের সহিত বুদ্ধিতে সমর্থ হও যে, সেই প্রশস্ততা, দীর্ঘতা, উচ্চতা ও গভীরতা কি, এবং জ্ঞানাভিত যে খ্রীষ্টের প্রেম, তাহা যেন জানিতে সমর্থ হও, এই প্রকারে যেন ঈশ্বরের সমস্ত পূর্ণতার উদ্দেশে পূর্ণ হও।" (ইফিষীয় ৩: ১৭-১৯)। ত্রিত্ব ঈশ্বরের অপরিমেয় শক্তি যাহা আমাদের মধ্যে কার্য করুক, এবং মন্ডলী ও সমগ্র জগতে সমস্ত সাধু সন্তদের এবং পবিত্র থিওটোকোসের মধ্যস্থতার মাধ্যমে আমাদের জীবনে সম্মান ও মহিমা আনোয়ন করুক , এখন থেকে অনন্ত কাল পর্যন্ত । আমেন ।✠

খ্রীষ্টেতে, আপনাদের আত্মিক পিতা,

তারিখ: 25 অক্টোবর

2024



মোরান মোর স্যামুয়েল থিওফিলাস
দপ্তর

স্থান: বিশ্ব মন্ডলীর সদর

মেট্রোপলিটান

